একাত্তরের সেই পরাজিত সৈনিক এখনো ঘাপটি মেরে বসে আছে

মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, সামনে জাতীয় নির্বাচন। এই জাতীয় নির্বাচনকে সামনে রেখে যারা বাংলাদেশের স্বাধীনতা চায়নি, বাংলাদেশের লাল সবুজের পতাকা বিশ্বাস করেনা, বাংলাদেশের মানচিত্র মেনে নিতে পারেনি, একাত্তরের সেই পরাজিত সৈনিক এখনো ঘাপটি মেরে বসে আছে। তারা আবারও মাথা চাড়া দিয়ে প্রকাশ্যে কাজ করছে। বাংলাদেশের উন্নয়নে তারা এখন বারবার আঘাত হানছে।

আজ শুক্রবার বিকালে গাংনী উপজেলা যুবলীগ কর্তৃক আয়োজিত প্রস্তুতি সভায় প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এসব কথা বলেন মাহফুজুর রহমান রিটন।

বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী রাষ্ট্রনায়ক শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন অগ্রযাত্রা অব্যাহত রাখতে ও ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে উন্নীত করণে আগামী ১৭ জুলাই মেহেরপুরে “তারুণ্যের জয়যাত্রা” সমাবেশ সফল করার লক্ষ্যে গাংনীতে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা যুবলীগের আয়োজনে গতকাল শুক্রবার বিকেলে যুবলীগের কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।
গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেনর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান।

এসময় বক্তব্য রাখেন গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের সাবেক সদস্য মজিরুল ইসলাম, যুবলীগ নেতা রবিউল ইসলাম রবি, কেসমত আলী, মতিয়ার রহমান, শফিকুল ইসলাম, আশিকুর রহমান আকাশ প্রমুখ।

মাহফুজুর রিটন আরও বলেন, আপনারা লক্ষ করে দেখবেন যখনি দেশে দু:সময় আসে তখনি তারা শেখ হাসিনার প্রতি আঘাত হানে। তিনি বলেন, শেখ হাসিনার উপর আঘাত আসলে যুবলীগের নেতা কর্মীরা বসে থাকতে পারেনা। অতীতে তারা তাদের সেই প্রমান দিয়েছেন।

তিনি বলেন, মেহেরপুরের সাথে মুক্তিযুদ্ধের অনেক ইতিহাস জড়িয়ে আছে। মেহেরপুরের মাটি পবিত্র। যে পবিত্র মাটিতে বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয়েছে। এখান থেকেই বাংলাদেশের শুরু। তাই এই মাটি থেকে আমাদেরকে শুরু করতে হবে।

তিনি বলেন, আওয়ামীলীগের একজন লোক শক্ত হয়ে দাঁড়ালে তার কাছে হাজারও লোক প্রতিহত হবে। কারন আওয়ামীলীগের লোকের মুখে থাকে জয় বাংলার শ্লোগান, তার বুকে থাকে বঙ্গবন্ধুর আদর্শ। তাই জামায়ত বিএনপি অপশক্তি কখনো শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশ রুখতে পারবেনা। এই অপশক্তির বিরুদ্ধে আগামীতে যুবলীগ দাঁত ভাঙ্গা জবাব দেবে। তিনি যুবলীগকে তাদের সকল দ্বিধা দ্বদন্দ্ব ভুলে এক কাতারে থাকার আহবান জানান ।

সভাটি যৌথ ভাবে পরিচালনা করেন গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আমজাদ হোসেন ও যুবলীগ নেতা ইসমাইল হোসেন।